৪০ বছর পর কোপা দেল রে চ্যাম্পিয়ন বিলবাও

১৯৮৩-৮৪ মৌসুমে সর্বশেষ কোপা দেল রে জিতেছিল অ্যাথলেটিক বিলবাও। এরপর দীর্ঘদিন কোপা দেল রে জিততে পারেনি দলটি। অবশেষে দীর্ঘ ৪০ বছরের খরা কাঁটিয়ে কোপা দেল রে শিরোপা জিতেছে দলটি। এই নিয়ে ২৪টি শিরোপা ঘরে তুললো ক্লাবটি।

শ্বাসরুদ্ধকর ফাইনালে মায়োর্কাকে টাইব্রেকারে ৪-২ গোলে হারায় বিলবাও। নির্ধারিত সময়ের খেলা ছিল ১-১ সমতায়। ম্যাচের ২১ মিনিটে গোল করে মায়োর্কাকে লিড এনে দেন দানি রদ্রিগেজ। এরপর ম্যাচের ৫০ মিনিটে ওইহান স্যানসিট গোল করে বিলবাওকে সমতা এনে দেন।

এরপর ১২০ মিনিটের খেলা শেষ ১-১ সমতায় থাকায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। টানা চার শটের সবগুলো গোল করে বিলবাও। অন্যদিকে দ্বিতীয় ও তৃতীয় শ্যুট মিস করে মায়োর্কা। এতেই শিরোপা উৎসবে মাতে বিলবাও।

ফাইনালে ম্যাচসেরা হয়েছেন বিলবাওয়ের ২১ বছর বয়সী ফরোয়ার্ড নিকো উইলিয়ামস। দলকে শিরোপা জিতিয়ে তিনি বলেন, ‘এটা অবিশ্বাস্য, আমরা ইতিহাস গড়েছি। দল অনেক পরিশ্রম করেছি। সমর্থকেরা আমাদের সঙ্গে ছিলেন। এটা তাদের প্রাপ্য। আমি লম্বা সময় ধরে এটির স্বপ্ন দেখে আসছিলাম।’

সূত্র: ইত্তেফাক

সুপার সিক্সে মোহামেডান ও আবাহনীর বড় জয়

প্রিমিয়ার হকি লিগের সুপার সিক্স পর্বে মোহামেডান এবং আবাহনী বড় জয় নিয়ে ফিরেছে। মওলানা ভাসানী হকি স্টেডিয়ামে দিনের প্রথম খেলায় আবাহনী ৭-০ গোলে হারিয়েছে পুলিশকে। দ্বিতীয় খেলায় মোহামেডান ৯-

২ গোলে হারিয়েছে অ্যাজাক্সকে।

অভিজ্ঞ মিডফিল্ডার রোমান সরকারের জোড়া গোলের ম্যাচে আশরাফুল ইসলাম, অধিনায়ক রেজাউল করিম বাবু এবং তিন ভারতীয় শিলানন্দ লারকা, ভেংকটেশ ডি কেচ ও আফফান ইউসুফ গোল করেন। আবাহনীর বিপক্ষে যথেষ্ট সুযোগ পেয়েও পুলিশ গোল করতে ব্যর্থ হয়েছে। হার যেন তাদেরই প্রাপ্য ছিল।

অ্যাজাক্সের বিপক্ষে ৯ গোলের ম্যাচে মোহামেডান প্রথমেই ১-০ তে পিছিয়ে ছিল। সেখান থেকে মোহামেডান গর্জে উঠল। অ্যাজাক্সের গলায় গোলের মালা পরিয়ে দিল মোহামেডান। মালয়েশিয়ান ফায়জাল বিন সারির হ্যাটট্টিক করেন। দ্বীন ইসলাম ইমন, শহিদুল হক সৈকত, অধিনায়ক রাসেল মাহমুদ জিমি, মেহেদী হাসান অভি এবং দুই মালয়েশিয়ান ফিতরি বিন সারি ও ফাইজ হেলমি বিন জালি একটি করে গোল করেন। অ্যাজাক্সের শিমুল খান এবং ভারতীয় সিলহেইবা লিশাম গোল করেন, হার ঠেকাতে পারেননি।

সূত্র: ইত্তেফাক

সিরিজ খেলতে বাংলাদেশে আসছে ভারত

ঘরের মাটিতে বিশ্বসেরা অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজ খেলছে বাংলাদেশ নারী ক্রিকেট দল। আজই সিরিজের শেষ ম্যাচটি মাঠে গড়িয়েছে। তবে সিরিজ শেষ হলেও নিগার সুলতানা জ্যোতিদের ফুরসত মিলছে না। অস্ট্রেলিয়ার পরে ভারত নারী দলও আসছে দ্বিপক্ষীয় সিরিজ খেলতে। গতকাল বিসিবি বাংলাদেশ-ভারতের মধ্যকার সিরিজের সূচি প্রকাশ করেছে।

পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে ভারত আসবে আগামী ২৩ এপ্রিল। ২৮ এপ্রিল থেকে শুরু হবে খেলা। অজিদের বিপক্ষে মিরপুরের শের-ই-বাংলা স্টেডিয়ামে খেলা হলেও ভারত সিরিজের সব ম্যাচই হবে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে। ২৮ এপ্রিলের পর বাকি

চারটি ম্যাচ ৩০ এপ্রিল, ২ মে, ৬ মে ও ৯ মে অনুষ্ঠিত হবে।

এর মধ্যে তৃতীয় ও চতুর্থ ম্যাচটি হবে আউটার স্টেডিয়ামে। এই ম্যাচ দুইটি মাঠে গড়াবে দুপুর ২টায়। আর বাকি তিন ম্যাচ লাক্কাতুরার মূল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। সেই ম্যাচগুলো দিবারাত্রির, শুরু হবে সন্ধ্যা সাড়ে ৬টা থেকে। ৯ মে সিরিজ শেষে ১০ মে বাংলাদেশ ছাড়বে হারমানপ্রীত কর বাহিনী।

গেল বছরের জুলাইয়ে সিরিজ খেলতে বাংলাদেশে এসেছিলেন ভারতের নারী ক্রিকেটাররা। সেবার তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ২-১ ব্যবধানে হেরেছিল স্বাগতিক বাংলাদেশ। সেপ্টেম্বর ও অক্টোবরের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিত বাংলাদেশে অনুষ্ঠিত হবে নারী টি-টোয়েন্টি বিশ্বকাপ। বৈশ্বিক সেই আসর শুরুর আগে কন্ডিশনের সঙ্গে মানিয়ে নেওয়ার অংশ হিসেবে অস্ট্রেলিয়া টাইগ্রেসদের বিপক্ষে প্রথম বারের মতো দ্বিপক্ষীয় সিরিজ খেলল। ভারতও আসছে নিজেদের ঝালিয়ে নেওয়ার জন্য।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলবেন না স্টোকস

আগামী জুনে পর্দা উঠবে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের। আসন্ন এই বিশ্বকাপে খেলবেন না ইংল্যান্ডের অলরাউন্ডার বেন স্টোকস। এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)।

পুরো গ্রীষ্ম মৌসুমের জন্য ক্রিকেট থেকেই বিরতি চেয়েছেন স্টোকস। এর মাঝে আগামী জুনে ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রের মাটিতে বসবে টি-টোয়েন্টি বিশ্বকাপের আসর। সেখানে নিজের নাম না রাখতে ইসিবিকে অনুরোধ করেছেন এই ইংলিশ অলরাউন্ডার।

ইসিবির বিবৃতিতে দেওয়া মন্তব্যে স্টোকস জানিয়েছেন, ‘আমি কঠোর

পরিশ্রম করছি এবং বোলিং ফিটনেস ঠিক করার দিকেই পুরো মনোযোগ দিচ্ছি, যাতে সব ফরম্যাটের ক্রিকেটেই পরিপূর্ণ অলরাউন্ডার হয়ে ফিরতে পারি। আইপিএল (২০২৪) এবং বিশ্বকাপে নিজের এই আত্মত্যাগের পর আশা করি ভবিষ্যতে পূর্ণ অলরাউন্ডার হয়ে ফিরব।’

ইনজুরি থেকে সেরে উঠতে গত নভেম্বরে ওয়ানডে বিশ্বকাপ শেষে হাঁটুতে অস্ত্রোপচার করেছিলেন স্টোকস। তবে এখনও হাঁটুর চোট থেকে তিনি পুরোপুরি সেরে উঠতে পারেননি। ফলে ক্রিকেট থেকে বিরতি নিয়ে পূর্ণাঙ্গ অলরাউন্ডার হয়ে ফিরে আসতে চান ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী এই ক্রিকেটার।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশের সামনে লক্ষ্য ৫১১

ম্যাচ জিততে বাংলাদেশকে করতে হবে বিশ্ব রেকর্ড। চট্টগ্রাম টেস্টের চতুর্থ দিন সকালে ৭ উইকেটে ১৫৭ রান তুলে দ্বিতীয় ইনিংস ছেড়েছে শ্রীলঙ্কা। তাতে টাইগারদের সামনে লক্ষ্য দাড়ায় ৫১১। ইনিংস ঘোষণার সময় প্রবাত জয়াসুরিয়া ২৮ ও বিশ্ব ফার্নান্ডো ৮ রানে অপরাজিত ছিলেন।

এই রান তাড়া করার জন্য বাংলাদেশ সময় পাচ্ছে প্রায় ৫ সেশনের বেশি। ওভারের দিক দিয়ে যা ১৬৩ ওভার। দেশের মাটিতে চতুর্থ ইনিংসে সর্বোচ্চ ১৪২ ওভার ব্যাটিং করে ম্যাচ ড্র করেছিল বাংলাদেশ, ২০০৫ সালের জানুয়ারিতে ঢাকায় জিম্বাবুয়ের বিপক্ষে। এ ম্যাচ ড্র করতে গেলেও তাই নিজেদের রেকর্ড ভাঙতে হচ্ছে বাংলাদেশকে, সেটি বলাই যায়। আপাতত চ্যালেঞ্জ শ্রীলঙ্কান পেসারদের সামলানো।

৪৫৫ রানে এগিয়ে থেকে দিন শুরু করেছিল শ্রীলঙ্কা। এক ঘণ্টার একটু বেশি সময় ব্যাটিং করল তারা। এ সময়ে বাংলাদেশ নিতে পেরেছে শুধু অ্যাঞ্জেলো ম্যাথুসের উইকেট। যিনি সাকিবের বলে বোল্ড হওয়ার আগে করেছেন ক্যারিয়ারের ৪১তম ফিফটি।

প্রথম ইনিংসে শ্রীলঙ্কার ৫৩১ রানের বিপরীতে টাইগাররা গুটিয়ে যায়

১৭৮ রানে। এরপর বাংলাদেশকে ফলোঅন না করিয়ে ব্যাট করতে নেমে হাসান মাহমুদের তোপের মুখে পরে শ্রীলঙ্কা। তৃতিয় দিন মাত্র ১০২ রান তুলতেই হারায় ৬ ইউকেট। কিন্তু তার আগেই ম্যাচটা বাংলাদেশের নাগালের বাইরে নিয়ে যায় লঙ্কানরা।

সূত্র: ইত্তেফাক

টাইগারদের ক্যাচ মিসের মহড়া

সাগরিকায় লঙ্কানদের বিপক্ষে ক্যাচ মিসের মহাড়ার পর ভালো অবস্থানে থেকে প্রথম দিন শেষ করেন সফরকারীরা। দ্বিতীয় দিনে দেখা যায় টাইগার ফিল্ডারদের একই চিত্র।

যেন ক্যাচ মিসের প্রতিযোগিতায় নেমেছেন বাংলাদেশের ফিল্ডাররা। দুই দিনে দুই হালি ক্যাচ মিস করে চট্টগ্রামে লঙ্কানদের রানের পাহাড় গড়ার সুযোগ দেন বাংলাদেশের ফিল্ডাররা।

এর আগে লঙ্কানদের বিপক্ষে সিরিজ-নির্ধারণী ম্যাচে সাগরিকায় টস জিতে আগে ব্যাটিং করতে নেমে প্রথম দিনে ৪ উইকেট হারিয়ে স্কোর বোর্ডে ৩১৪ রান তোলেন লঙ্কানরা। প্রথমদিন শেষে সফরকারীদের হয়ে ৩৪ রানে দিনেশ চান্দিমাল এবং ১৫ রানে অপরাজিত থাকে অধিনায়ক ধনঞ্জয়া ডি সিলভা।

গতকাল প্রথম সেশনে লঙ্কান শিবিরে প্রথম আঘাতটা হানে সাকিব আল হাসান। ম্যাচের ১০৫তম ওভারে ৫৯ রানের অপরাজিত থাকা দিনেশ চান্দিমালকে কট বিহাইন্ডের ফাঁদে ফেলে ফেরান সাকিব। ব্যক্তিগত ৭০ রানে লঙ্কান অধিনায়ক ধনঞ্জয়া ডি সিলভাকে এলবিডব্লিউয়ের ফাঁদে ফেলে সাজঘরে ফেরান খালেদ আহমেদ।

গতকাল লঙ্কানদের হয়ে সর্বোচ্চ ৯২ রান করেন কামিন্দু মেন্ডিস। প্রথম ইনিংস শেষে ১০ উইকেট হারিয়ে স্কোর বোর্ডে পাহাড়সমান ৫৩১ রান জমা করেন লঙ্কানরা। চট্টগ্রাম টেস্টে প্রথম ইনিংসে লঙ্কানদের ছয় ব্যাটার দেখা পায় অর্ধশতকের। যার মধ্যে দুইটি ছিল নব্বই ফেরোনো ইনিংস।

যদিও এটিও একটি ইতিহাস হয়ে ধরা দেয় লঙ্কান শিবিরে। ভেঙে দেয় ৪৮ বছর আগে গড়া ভারতের রেকর্ড। ১৯৭৬ সালে নিজেদের ঘরের মাটিতে নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্ট ম্যাচে ভারতের ছয় জন ব্যাটার দেখা পায় অর্ধশতকের। তবে কেউই পায়নি সেঞ্চুরির দেখা। সেই ম্যাচের প্রথম ইনিংসে ভারত ৯ উইকেটে ৫২৪ তুলে ইনিংস ঘোষণা করে ভারত।

গতকাল বাংলাদেশের বিপক্ষে ম্যাচে ৫৩১ রান করে সেই রেকর্ড ভাঙেন শ্রীলঙ্কার ব্যাটাররা। যা ১৪৭ বছরের টেস্ট ইতিহাসে এই বিরল রেকর্ড। চট্টগ্রাম টেস্টে প্রথম ইনিংসে লঙ্কানদের বিপক্ষে বাংলাদেশি বোলাদের হয়ে সর্বোচ্চ ৩ উইকেট শিকার করেন এক বছর পর সাদা পোশাকের ম্যাচ খেলতে নামা সাকিব আল হাসান।

এছাড়াও দুই উইকেট শিকার করেন হাসান মাহমদু এবং এক উইকেট করে শিকার করেন পেসার খালেদ আহমেদ এবং স্পিনার মেহেদী হাসান মিরাজ।

সূত্র: ইত্তেফাক

ফের পাকিস্তানের অধিনায়ক বাবর আজম

সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতার পর পাকিস্তানের তিন ফরম্যাটের ক্রিকেটের নেতৃত্ব থেকে সরে দাঁড়িয়েছিলেন বাবর আজম। তবে গুঞ্জন ছিল আবারও দলটির অধিনায়ক হবেন এই ব্যাটার। অবশেষে গুঞ্জন সত্যি করে পাঁচ মাসের মাথায় পাকিস্তানের অধিনায়ক হিসেবে ফিরেছেন বাবর। ওয়ানডে ও টি-টোয়েন্টিতে দলকে নেতৃত্ব দেবেন তিনি।

রোববার (৩১ মার্চ) এক ভিডিও বার্তায় বিষয়টি নিশ্চিত করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। পিসিবি তাদের এক্স পোস্টের বিবৃতিতে জানায়, ‘বিসিবির নির্বাচক কমিটির সর্বসম্মত সুপারিশ ক্রমে বাবর আজমকে সাদা বলের (ওয়ানডে ও টি-টোয়েন্টি) অধিনায়ক করার সিদ্ধান্ত নিয়েছেন পিসিবি চেয়ারম্যান মহসিন নাকবি।’

সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতার সমালোচনার মুখে পড়তে হয়

বাবরকে। এরপরই সব ফরম্যাটের নেতৃত্ব থেকে সরে দাঁড়ান বাবর। জাকা আশরাফের তৎকালীন বোর্ড ওয়ানডে ও টেস্টে শান মাসুদ এবং টি-টোয়েন্টির নেতৃত্ব তুলে দেন শাহিন শাহ আফ্রিদিকে।

সাদা বলের ক্রিকেটে বাবর অধিনায়ক হওয়ায় মাত্র এক সিরিজ দিয়ে শেষ হলো শাহিন শাহ আফ্রিদির অধিনায়কত্ব অধ্যায়। আফ্রিদির নেতৃত্বে নিউজিল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের সিরিজে ৪-১ ব্যবধানে হেরেছিল পাকিস্তান।

সূত্র: ইত্তেফাক

শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশের টেস্ট জেতা উচিত: সাকিব

সিলেট টেস্টে শ্রীলঙ্কার কাছে বিশাল ব্যবধানে হেরেছে বাংলাদেশ। ব্যাটারদের ব্যর্থতায় ৩২৮ রানের বড় ব্যবধানে হারে নাজমুল হাসান শান্তর দল। লঙ্কানদের বিপক্ষে দ্বিতীয় টেস্টে দলে ফিরছেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। শ্রীলঙ্কার বিপক্ষে টেস্টে জেতা উচিত বলে মনে করেন সাবেক এই টাইগার অধিনায়ক।

বৃহস্পতিবার (২৮ মার্চ) চট্টগ্রামে দলের সঙ্গে যোগ দেবেন সাকিব। এর আগে একটি আবাসন কোম্পানির দূত হতে যান তিনি। সেখানে গণমাধ্যমকে সাকিব বলেন, ‘আশা তো সব সময় করি জিতব। টেস্ট ক্রিকেটে সব সময় আমরা সংগ্রাম করেছি। আমাদের জন্য কঠিন। তবে আমি বিশ্বাস করি শ্রীলঙ্কার সঙ্গে আমাদের ভালো করা উচিত এবং টেস্ট ম্যাচ জেতা উচিত।’

দীর্ঘদিন পর টেস্ট খেলতে নামবেন সাকিব। প্রত্যাবর্তনের এই ম্যাচে ব্যক্তিগত কোনো লক্ষ্য নেই উল্লেখ করে তিনি আরও বলেন, ‘ব্যক্তিগত কোনো লক্ষ্য নেই। মনে হয় না ক্রিকেট যত দিন খেলেছি, কোনো ব্যক্তিগত লক্ষ্য বা অর্জনের দিকে আমার চোখ ছিল। সব সময় চেষ্টা করেছি দলের জন্য কীভাবে অবদান রাখা যায়। দেশের হয়ে পারফর্ম করতে পারা, দেশের হয়ে প্রতিনিধিত্ব করাটা সব সময় গর্বের

একটা বিষয়। স্বাভাবিকভাবেই টেস্ট দলে ফিরতে পেরে আমি আনন্দিত, একই সঙ্গে গর্বিত।’

সূত্র: ইত্তেফাক

স্পেনকে রুখে দিল ব্রাজিল

স্পেনের প্রায় নিশ্চিত জয় ছিনিয়ে নিয়েছে ব্রাজিল। অতিরিক্ত সময়ের শেষ মিনিটে পেনাল্টি থেকে গোল করে স্পেনকে ৩-৩ গোলে রুখে দিয়েছে ল্যাটিন আমেরিকার দলটি।

মঙ্গলবার (২৬ মার্চ) রাতে স্পেনের ঘরের মাঠ সান্তিয়াগো বার্নাব্যুতে ২-০ গোলে পিছিয়ে পড়ে ব্রাজিল। এরপর দারুণভাবে ঘুঁরে দাঁড়িয়ে ২-২ গোলে সমতা আনে দরিভল জুনিয়রের শিষ্যরা।

৮৬ মিনিটে স্পেনের মিডফিল্ডার রদ্রির দ্বিতীয় পেনাল্টি গোলে ফের ৩-২ গোলে পিছিয়ে পড়ে ব্রাজিল। শেষ মুহূর্তে সেই গোল শোধ করে ব্রাজিলকে টানা দ্বিতীয় ম্যাচে অপরাজিত রাখেন লুকাস পাকেতা।

স্বাগতিক স্পেনকে ম্যাচের ১২ মিনিটেই পেনাল্টি থেকে গোল করে লিড দেন রদ্রি। এরপর ৩৬ মিনিটে দানি এলবোর গোলে ২-০ তে এগিয়ে যায় স্পেন। দারুণভাবে ঘুঁরে দাঁড়িয়ে ৪০ মিনিটে রদ্রিগো ও ৫০ মিনিটে এনড্রিকের গোলে সমতায় ফেরে ব্রাজিল। এ নিয়ে টানা দ্বিতীয় ম্যাচে গোল করলেন বিস্ময়বালকখ্যাত এনড্রিক।

ব্রাজিলে দারুণ শুরু করেছেন দরিভল। ইনজুরিতে বিধ্বস্ত দলকে বড় দুটি দলের অপরাজিত থেকে সবাইকে চমকে দিয়েছেন তিনি। এর আগে ফ্রেন্ডলি ম্যাচে ইংল্যান্ডকে ১-০ গোলে হারিয়েছে ব্রাজিল।

সূত্র: যুগান্তর

হার ঠেকানোর লড়ায়ে মাঠে নামবে বাংলাদেশ

পাঁচ দিন আগে কুয়েতের মাঠে বিশ্বকাপ এবং এশিয়ান কাপের যৌথ বাছাইয়ে ফিলিস্তিনের বিপক্ষে ৫-০ গোলে হেরে বাংলাদেশ আজ ফিরিত ম্যাচ খেলবে ঘরের মাঠে। বসুন্ধরা কিংসের মাঠে বাংলাদেশ-ফিলিস্তিন ফিরতি ম্যাচ শুরু হবে বিকাল সাড়ে ৩টায়।

৫ গোল হজম করা দলটি আজ না হারার লক্ষ্য নিয়ে নামতে চায়। কুয়েতে ছিল ফিলিস্তিনের হোম ম্যাচ। আজ বাংলাদেশের হোম ম্যাচ ঢাকায়। ৫ গোলে হারের পর বাংলাদেশের স্প্যানিশ কোচ হ্যাভিয়ের কাবরেরা মনে করছেন জেতা সম্ভব। বলেছেন হারতে চাই না। যে খেলায় আমার ৫ গোল খেয়েছিলাম সেই খেলায় আমাদের ছেলেরা একটু ভালো খেলেই যখন সুযোগ পাচ্ছিল মনে করেছিল জয় চলে আসতে পারে। বেশি সাহস দেখাতে গিয়ে আমাদের দুর্দশা হয়েছে। আমি ছেলেদের জানিয়েছি সাহস দেখাও নিজের সামর্থ্য নিয়ে।’

তিনি বলেন, ‘সবাই ৫ গোলের কথাই বলছে। কিন্তু এখানে আমি রেজাল্ট দেখছি না। বাস্তববাদী হতে হবে। ফুটবলে শট টাইমের হিসাব করলে হবে না। উন্নতি হচ্ছে কিনা সেটা দেখতে হবে। আমিও হতাশ। কিন্তু এটাও ঠিক যে ওভার অল উন্নতি হচ্ছে।’

হ্যাভিয়ের বললেন, ‘আমরা যখন রাউন্ড টু পর্বে যোগ্যতা অর্জন করি তখনই জানতাম কঠিন লড়াইয়ে মুখোমুখি হতে হবে।’ বসুন্ধরা কিংসের মাঠে জাতীয় দল এখন পর্যন্ত হারেনি। তার ওপর আজকে স্বাধীনতা দিবস। এই দুটি বিষয় কোচ হ্যাভিয়ের কাবরেরা গুরুত্ব দিয়ে দেখছেন। বলেছেন, ‘প্রথম খেলাটা মানুষকে হতাশ করেছে। এখন দর্শকদের ভালো কিছু উপহার দিতে হবে। আশা করি, আজ পয়েন্ট পাব।’

নিজেদের মাঠে খেলা, সবই চেনা, পরিবেশ চেনা। এখানে প্রতিপক্ষ ফিলিস্তিন একটু হলেও সমস্যায় পড়বে। সেটি কাজে লাগাতে চান কাবরেরা। কোচ তার প্লেয়ারদের জানিয়ে দিয়েছেন আত্মবিশ্বাস ফিরিয়ে আনার ম্যাচ এটি, আমাদের জন্য বড় একটি দিন। সামনের দিকে তাকাতে হলে আজকের ম্যাচে ভালো কিছু করতে হবে।’

কোচের মতো অধিনায়ক জামাল ভুঁইয়াও পয়েন্ট পাওয়ার কথা জানিয়েছেন। জামালের কথা, ‘আমরা হারতে চাই না। ৩ পয়েন্ট পেলে বেস্ট।’ ৫ গোলে

হারের প্রশ্নে জামাল বলেন, ‘ঐ ১০ মিনিট কি হয়েছিল বলতে পারি না। ওটা নিয়ে আলোচনা হয়েছে। কিছু বলার নেই। এখান থেকে শিখতে হবে। এটা নিয়ে আমরা নিজেরা অনেক আলাপ করছি। কি হয়েছিল সেটা ভুলে যেতে বলেছি। সামনের দিকে তাকাতে হবে। আজকের ম্যাচটা আমাদের কাছে ফাইনালের মতো। আমাদের দর্শকের সামনে হারতে চাই না।’

আজকের ম্যাচ নিয়ে বাংলাদেশের কোচ অধিনায়কের মতো ফিলিস্তিনি ফুটবলারদের এতো উচ্ছ্বাস নেই। তারা পাঁচ দিন ম্যাচ খেলেছে। রিকভারি করেছে। এখন মাঠে নেমে জয়টা নিয়ে বিমানে উঠতে চান। প্রতিপক্ষের মাঠে যুদ্ধ করার প্রয়োজন নেই। ম্যাচ জিতলেই তারা খুশি। সারাক্ষণ টিভির পর্দায় ইসরাইলি হামলায় ধ্বংস দেখে দেখে মন খারাপ করছেন ফিলিস্তিনি ফুটবলাররা। শোকটাকে শক্তিতে পরিণত করতে ফিলিস্তিনি ফুটবলাররা সব সময় প্রস্তুত। তাদের সাহস অনেক বেশি। দেশের জন্য আরেকটি জয় নিয়ে ফিরতে চান তারা।

সূত্র: ইত্তেফাক